যুগান্তর

তারিখ 29 JAN 2006
পৃষ্ঠা ১৭ কলাম ৪

# খুলনায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের সহায়ক পুস্তকের রমরমা ব্যবসা

## বই তালিকাভুক্তির অবাধ ডোনেশন বাণিজ্য

লনা ব্যুরো

ধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের পাঠ্যবই এখন র্যন্ত খুলনার বাজারে না পাওয়া গেলেও পাঠ্যবই হায়িকার রমরমা অবস্থা বিরাজ করছে। যা চেতন মহলকে উদ্বিগ্ন করে তুলেছে। পাশাপাশি ানেশন বাণিজ্যের কারণে পাঠ্যসহায়ক কেনার ন্য অসাধু শিক্ষকদের চাপ প্রয়োগে হতাশ হয়ে ড়েছেন অভিভাবক মহল। খুলনার ১১৭টি শিক্ষা তিষ্ঠানে নিম্নমানের বই পাঠ্য তালিকাভুক্তিতে াখ লাখ টাকার ডোনেশন বাণিজ্য চললেও ংশ্লিষ্ট কর্তৃপক্ষ রয়েছে নির্বিকার।

লনার বিভিন্ন লাইব্রেরিতে খোঁজ নিয়ে দেখা যায়, নিবার পর্যন্ত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের ধিকাংশ পাঠ্যপুস্তকই পৌঁছেনি। দ্বিমুখী শিক্ষা বস্থানীতি, স্থগিত এবং প্রকাশনা সংক্রান্ত টিলতার কারণে জাতীয় শিক্ষা কার্যক্রমের মূল াঠ্যবই বাজারজাতকরণে বিলম্ব ঘটছে। ফলে তুন শিক্ষাবর্ষের প্রথম মাস অতিবাহিত হতে সলেও শিক্ষার্থীদের হাতে এখনও বই পৌঁছেনি। াধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে তিমধ্যেই ক্লাস শুরু হলেও পাঠ্যবইয়ের কারণে িক্ষার্থীদের ক্লাস ঠিকমতো হচ্ছে না। এ অবস্থা লেও থেমে নেই অসাধু চক্রের অপতৎপরতা। ল পাঠ্যবইয়ে কি থাকছে, না থাকছে, পরিবর্তন চ্ছে কি না- সেসব দেখার আগেই গতানুগতিক রাবাহিকতায় পাঠ্যবই সহায়িকায় বাজার সয়লাব য়ে পড়েছে। বিভিন্ন মানহীন লাইব্রেরিতে াঠ্যপুস্তক কিনতে যাওয়া শিক্ষার্থী ও ভিভাবকদের নানাভাবে বুঝিয়ে এসব নিম্নমানের াঠ্যসহায়িকা উচ্চমূল্যে গছিয়ে দেয়া হচ্ছে।

ছাড়া খুলনা, বাগেরহাট, ঢাকাসহ বিভিন্ন লাকার কতিপয় পুস্তক প্রকাশনা প্রতিষ্ঠান য়মনীতি উপেক্ষা করে বিভিন্ন ধরনের াঠ্যসহায়ক বই প্রকাশ করে বিদ্যালয়ে ালিকাভুক্তির প্রতিযোগিতায় নেমেছে। বাংলাদেশ ুস্তক প্রকাশনা ও বিক্রেতা সমিতির কতিপয় ুর্নীতিপরায়ণ কর্মকর্তা এক্ষেত্রে পরোক্ষ সমর্থন িচ্ছে বলেও অভিযোগ রয়েছে। এর ফলে কাশনা প্রতিষ্ঠান থেকে ছদ্মনামে ইংরেজি ্যাকরণ, বাংলা ব্যাকরণ ও রচনা, বাংলা দ্রুত ঠন, ইংরেজি র‍্যাপিড রিডার, সাধারণ জ্ঞানসহ বিভিন্ন ধরনের পাঠ্যসহায়ক বই প্রকাশ করে তাতে চ্চমূল্য লিখে দিয়ে বাজারজাত করছে। কাশনানিষিদ্ধ এসব বই প্রকাশনা সমিতি থেকে ালাল নিযুক্ত করে শিক্ষা প্রতিষ্ঠানে প্রয়োজনমতো ডানেশন দিয়ে তা শিক্ষার্থীদের হাতে গছিয়ে দেয়া চ্ছে। সরকারিভাবে নিষিদ্ধ হওয়া সত্ত্বেও এসব ইতে সরকার প্রিন্টিং এন্ড পাবলিশিং ঢাকা,১ নন্যা বুক ডিপো- বাংলা বাজার ঢাকা, রিফাত প্রন্টার্স ৩/২ ব্যাংকিন স্ট্রিট ওয়ারী, ঢাকা- এসব ঠিকানা ব্যবহার করা হচ্ছে, যাদের কোন অস্তিত্বই নেই।

প্রকাশনানিষিদ্ধ পাঠ্যসহায়ক বই প্রকাশ ও উচ্চমূল্যে ডোনেশন বাণিজ্যের মাধ্যমে বাজারজাত করার জন্য অভিযুক্ত হাসান বুক ডিপোর স্বত্বাধিকারী মোঃ আবুল কাসেম সরকারকে কারণ

পুস্তক : পৃষ্ঠা ২ : কলাম ৮

## পুস্তক : সহায়ক

(৩য় পৃষ্ঠার পর)

দর্শাও নোটিশ দিয়েছে বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি। নোটিশে তার প্রকাশনা থেকে বিভিন্ন ছদ্মনামে প্রকাশিত বইয়ের উল্লেখ করে সমিতির নীতিমালা উপেক্ষা করার কথা বলা হয়েছে। একই সঙ্গে এসব বই বাজেয়াপ্ত করার নির্দেশ দেয়া হয়েছে।